

আমন্ত্রণ
Hyque
২৩/০৮/১৮

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-১২৫৪


তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫
১৪ আগস্ট ২০১৮

বিষয়: পিইডিপি ৪ এর আওতায় বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত প্রেষণে কর্মরত/অধ্যয়নরত কর্মকর্তা/শিক্ষকদের নিকট হতে আবেদনপত্র আহবান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০১ আগস্ট ২০১৮ তারিখের ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-১২১৯ নম্বর স্মারক এবং ০৫ আগস্ট ২০১৮ তারিখের ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-১২৪১ নম্বর স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/কার্যালয়ের কর্মকর্তা ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক যারা স্থায়ী চাকরি বহির্ভূত বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত আছেন এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এমএড কোর্স, পিটিআইতে ডিপিএড কোর্স এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন সরকারি টিচার্স ট্রেনিং কলেজে বিএড/এমএড কোর্সে প্রেষণে অধ্যয়নরত রয়েছেন তারাও চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি ৪) এর আওতায় জানুয়ারি ২০১৯ - ডিসেম্বর ২০১৯ সেশনে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য প্রেষণে থাকা দপ্তর/প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে পারবেন।

২। মাস্টার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদেরকে ২০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে ০১ (এক) কপি আবেদনপত্র প্রেষণে থাকা দপ্তর/প্রতিষ্ঠানের মাধ্যমে (উদাহরণস্বরূপ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এমএড কোর্সে অধ্যয়নরত কর্মকর্তা ও শিক্ষকগণ পরিচালক, ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইন্সটিটিউটের মাধ্যমে, ডিপিএড কোর্সে অধ্যয়নরত শিক্ষকগণ পিটিআই সুপারিনটেনডেন্ট এর মাধ্যমে এবং বিভিন্ন সরকারি টিচার্স ট্রেনিং কলেজে বিএড/এমএড কোর্সে অধ্যয়নরত শিক্ষক/কর্মকর্তাগণ স্ব-স্ব টিটি কলেজের মাধ্যমে) ০২ (দুই) কপি আবেদনপত্র ডাকযোগে/বাহক মারফত সরাসরি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণপূর্বক ০১ (এক) কপি পরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইলে (dirtraindpe@gmail.com) প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

৩। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


মোঃ আব্দুর রুভেদ
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
মোবাইল: ০১৫৫২-৪২৫৭৬০

পরিচালক, ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইন্সটিটিউট (বিআইইডি),
অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল) সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (তীর অধিভুক্ত সরকারি টিচার্স ট্রেনিং কলেজে বিএড/এমএড কোর্সে প্রেষণে অধ্যয়নরত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা/শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-ডিপিই'র ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। পিএ টু মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

